পর্যটনে শেরপুর

TOURISM AT SHERPUR



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রীপরিষদ বিভাগ

জেলা প্রশাসন, শেরপুর
District Administration, Sherpur

a2i Prime Minister's Office BANGLADESH

পর্যটনের আনন্দে, তুশীমালা সুগন্ধে-শেরপুর



জেলা প্রশাসন, শেরপুর

District Administration, Sherpur

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রীপরিষদ বিভাগ

a2i Prime Minister's Office BANGLADESH

শেরপুরে স্বাগতম



Welcome to Sherpur

পর্যটনে শেরপুর

দিক নির্দেশনায়
একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর কার্যালয়
সার্বিক তত্ত্বাবধানে
মন্ত্রীপরিষদ বিভাগ
রচনায় ও প্রকাশনায়
জেলা প্রশাসন, শেরপুর
উপদেষ্টা
জি. এম. সালেহ উদ্দিন
বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ
সম্পাদক
ড. মল্লিক আনোয়ার হোসেন
জেলা প্রাশাসক, শেরপুর
সহযোগী সম্পাদক
১. এ, টি, এম, জিয়াউল ইসলাম
উপ- পরিচালক, স্থানীয় সরকার, শেরপুর
২. জন কেনেডি জাম্বিল
অতিরিক্ত জেলা প্রাশাসক (সার্বিক), শেরপুর
৩. সাইয়েদ এ, জেড, মোরশেদ আলী
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, শেরপুর
৪. এবিএম এহছানুল মামুন
অতিরিক্ত জেলা প্রাশাসক (রাজস্ব), শেরপুর
সহযোগীয়
১. মাহমুদুর রহমান মামুন, সহ. কমিশনার
২. মাসুদ রানা, সহকারী কমিশনার
৩. সুমন্ত ব্যানার্জি, সহকারী কমিশনার
৪. মনজুর আহ্সান, সহকারী কমিশনার
৫. কোহিনুর জাহান, সহকারী কমিশনার
৬. মোঃ মেজবা-উল আলম ভূঁইয়া, সহকারী কমিশনার
৭. মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী কমিশনার
৮. মোঃ রায়হান-উজ্জামান, সহকারী কমিশনার
৯. জহিরুল ইসলাম, সহকারী কমিশনার
১০. আরিফ ফয়সাল খান, সহকারী কমিশনার
১১. মোঃ রবিউল ইসলাম, সহকারী কমিশনার
আলোকচিত্রী
১. মুগনিউর রহমান মনি
২. ইমরান হাসান রাব্বী
৩. আব্দুর রহমান রানা
প্রকাশকাল
১৪২৪ ফাল্গুন
২০১৮ ফেব্রুয়ারি
ডিজাইন
টিআর ডিজাইনবিডি
শেখ তারেক রহমান
মুদ্রণ
এস.আর প্রিন্টার্স
ফকিরাপুল, ঢাকা-১০০০।

কপিরাইট
জেলা প্রশাসন, শেরপুর
সর্বস্বত্ত সংরক্ষিত, প্রকাশকের লিখিত পূর্বানুমতি ছাড়া এ পুস্তকের কোন অংশ কোনভাবে পুনর্মুদ্রণ করা যাবে না।

Tourism at Sherpur

Directed By
Access to Information (a2i) programme
Prime Minister's Office
Overall Supervision
Cabinet Division
Writer & Publisher
District Administration, Sherpur
Advisor
G M Saleh Uddin
Divisional Commissioner, Mymensingh
Editor
DR. Mallick Anwar Hossain
Deputy Commissioner, Sherpur
Associate Editor
1. A, T, M, Ziaul Islam
Deputy Director, Local Government, Sherpur
2. Jhon Kenedy Jambil
Additional Deputy Commissioner (General), Sherpur
3. Sayed A.Z. Morshed Ali
Additional District Magistrate
4. ABM Ehsanul Mamun
Additional Deputy Commissioner (Revenue), Sherpur
Associate
1. Mahmudur Rahman Mamun, Asst. Com.
2. Masud Rana, Asst. Com.
3. Sumanta Banarjee, Asst. Com.
4. Monjur Ahsan, Asst. Com.
5. Kohinur Jahan, Asst. Com.
6. Mejbaul Alam Bhuiyan, Asst. Com.
7. Md. Mostafijur Rahman, Asst. Com.
8. Md. Rayhan Uzzaman, Asst. Com.
9. Zohirul Islam, Asst. Com.
10. Arif Faysal Khan, Asst. Com.
11. Md. Rabiul Islam, Asst. Com.
Photographers
Mughiur Rahman Moni
Emran Hasan Rabbi
Abdur Rahman Rana
Date of Publication
1424 Falgun
2018 February
Design
TR Designbd
Sk Tarek Rahman
Printed By
S.R Printers
Fakirapool, Dhaka-1000.

Copyright
District Administration, Sherpur
All rights reserved. Reprinting or copying any part of this book in any form without the prior written permission of the publisher is strictly prohibited

পর্যটনে শেরপুর

TOURISM AT SHERPUR



HILL.HORIZON.HOSPITALITY

Tourism@Sherpur

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রীপরিষদ বিভাগ

জেলা প্রশাসন, শেরপুর

District Administration, Sherpur

a2i Prime Minister's Office BANGLADESH



বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের মহাসড়কে দৃপ্তপদে এগিয়ে চলেছে বাংলাদেশ। উন্নয়নের এই পথ-পরিক্রমায় বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে বদ্ধপরিকর। এই লক্ষ্যসমূহ অর্জনে প্রয়োজন সমন্বিত উদ্যোগ ও প্রচেষ্টা এবং দেশের প্রতিটি জেলার অর্থনৈতিক সম্ভাবনার যথাযথ বিকাশ। আর এই লক্ষ্যেই মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহায়তায় জেলা- ব্র্যান্ডিং উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে। জেলা-ব্র্যান্ডিং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ জেলা-ব্র্যান্ডিং কৌশল জারি করেছে।

জেলা-ব্র্যান্ডিংয়ের একটি অন্যতম অনুষঙ্গ হলো ব্রান্ড-বুক। জেলা-ব্র্যান্ডিং কার্যক্রমকে দেশে-বিদেশে পরিচিত করে তুলতে ব্র্যান্ড-বুকের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও কার্যকর ভূমিকা রয়েছে। এটুআই প্রোগ্রামের সহায়তায় জেলা প্রশাসন, শেরপুর ব্র্যান্ড-বুক প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আশা করি জেলা-ব্র্যান্ডিং উদ্যোগ বাস্তবায়নে এই 'ব্র্যান্ড-বুক' কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে।

জেলা ব্র্যান্ড-বুক প্রণয়নের সঙ্গে সংশিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



Message

Bangladesh is pacing firmly on the highway towards development with a vision to realize Sonar Bangla, the dream of our Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman under the charismatic leadership of Sheikh Hasina, HonorablePrime Minister of Bangladesh. The country is determined to become a middle income nation by 2021 and a prosperous and developed nation by 2041 in the course of materializaion of the vision. Integrated efforts and initiatives along with appropriate flourishment of the economic prospects of each district are crucial for achieving the vision. In this context district branding is being implemented under the coordination of Cabinet Division with the support of the a2i program of Prime Minister's Office. The cabinet division has already issued a strategy for proper planning and implementation of district-branding.

One of the most important aspects of district-branding is the brand-book. It is an important and effective tool for showcasing district-branding at home and abroad. I am absolutely delighted to know that Office of the Deputy Commissioner, Sherpur is going to publish a brand-book with the support of a2i program. I believe this brand-book will play a pivotal role in depicting district-branding initiatives and implementation operability.

I would like to thank all officials concerned with the preparation of the book.

Mohammad Shafiul Alam
Cabinet Secretary
Government of the People's Republic of Bangladesh



বাণী

একটি জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনা সমূহকে বিকশিত করার মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নই জেলা-ব্র্যান্ডিংয়ের মূল অভিলক্ষ্য। জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনা বিকাশের বহুবিধ ক্ষেত্র রয়েছে যেমনঃ পর্যটন, পণ্য, ইতিহাস-ঐতিহ্য বা কোনো জনমুখী উদ্যোগ। জেলা-ব্র্যান্ডিং জেলার ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতির সংরক্ষণ ও চর্চা, পর্যটন শিল্পের বিকাশ, এক জেলা এক পণ্য কর্মসূচির বাস্তবায়নে সহায়তা প্রদান এবং জেলার ভৌগোলিক নির্দেশক পণ্য চিহ্নিতকরণ এবং তা সংরক্ষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সামগ্রিক বিবেচনায় বলা যায় ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের রূপকল্প বাস্তবায়নে সহায়তা প্রদানই জেলা-ব্র্যান্ডিংয়ের অন্যতম উদ্দেশ্য।

পর্যটনের সঙ্গে জেলা-ব্র্যান্ডিংয়ের নিবিড় সম্পর্ক রয়েছে। বাংলাদেশের পর্যটন সম্ভাবনার বিকাশে জেলা- ব্র্যান্ডিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এই লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পর্যটন করপোরেশন, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড সহ সংশিষ্ট সকল সরকারি-বেসরকারি সংস্থাসমূহ একযোগে কাজ করতে পারে। প্রধানমন্ত্রীর কার্যালয়ও সব ধরণের সহায়তা দিতে পারে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহায়তায় বাংলাদেশের সকল জেলা ইতোমধ্যে তাদের ব্র্যান্ডিংয়ের বিষয় নির্ধারণ, লোগো তৈরি এবং ত্রিবার্ষিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করেছে। জেলা-ব্র্যান্ডিংকে দেশে-বিদেশে পরিচিত করে তুলতে জেলাসমূহ যে বিস্তৃত উদ্যোগ গ্রহণ করেছে তার মধ্যে একটি হলো ব্র্যান্ড-বুক প্রকাশনা। ব্র্যান্ড-বুকের পরবর্তী সংস্করণসমূহের জন্য এটি যেমন ভিত্তি হিসেবে কাজ করবে তেমনি জেলা-ব্র্যান্ডিংয়ের ইতিহাসে একটি উল্লেখযোগ্য দলিল হিসেবেও স্বীকৃত হবে।

একটি তথ্যসমৃদ্ধ ও নান্দনিক ব্র্যান্ড-বুক তৈরির জন্য আমি জেলাপ্রশাসন শেরপুর, এটুআই এবং উক্ত প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই এবং জেলা-ব্র্যান্ডিং কাজের সার্বিক সাফল্য কামনা করি।

মোঃ নজিবুর রহমান
মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



Message

The mission of district branding is to achieve socio economic development through promoting the uniqueness and the potentials of each district. The districts have diverse potentials such as tourist sites,commercial products, famous foods, history and tradition as well as peoples' welfare-centric initiatives. District branding plays an important role in safeguarding and fostering history,tradition and culture of the districts,developing tourism industry, implementing 'one district one product' programme and identifying and preserving the geographical indications (GIs). One of the main objectives of district branding is to provide support in realizing the vision of the present government to become a middle income country by 2021 and a prosperous and developed nation by 2041.

District-branding is closely linked with tourism. This initiative can play an important role in unleashing the potentials of tourism in Bangladesh. In this regard, all government and non-government organizations, including Cabinet Division, Ministry of Public Administration, Ministry of Civil Aviation and Tourism, Ministry of Cultural Affairs, Bangladesh Parjatan Corporation, Bangladesh Tourism Board can work together. The Prime Minister's Office can also provide all-out support.

All the districts have already selected their branding areas, developed logos and three-year work plan with the support of the a2i program of the Prime Minister's Office. One of the important initiatives of the district to promote district branding at home and abroad is the publication of Brand Book.This document will be a foundation for the future editions and at the same time will also be treated as a landmark publication in the history of district-branding.

I congratulate District Administration Sherpur, a2iand all concerned for publishing such an impressive and informative Brand Book and wish the district branding initiative all the success.

Md. Nojibur Rahman
Principal Secretary
Prime Minister's Office
Government of the People's Republic of Bangladesh



বাণী

বাংলাদেশের প্রতিটি জেলা এক একটি অনন্য বৈশিষ্ট্যে বৈশিষ্ট্যমন্ডিত । কোন জেলায় রয়েছে সুপ্রাচীন ঐতিহাসিক নিদর্শন, কোথাও প্রাকৃতিক সৌন্দর্যের পসরা সাজানো, কোথাওবা লোকজ ঐতিহ্য কিংবা শিল্প সাহিত্যে সমৃদ্ধ । আবার কোন জেলা কৃষিজ পণ্যের জন্যে বিখ্যাত, কোথাও বা মজাদার কোন খাবারের জন্য সুনাম কুড়ানো । দেশের প্রতিটি জেলার এ সকল বৈশিষ্ট্যকে শুধুদেশের অভ্যন্তরেই নয় বহি:র্বিশ্বের কাছে তুলে ধরে আমাদের ঐতিহ্য-সমৃদ্ধি আর প্রাকৃতিক সৌন্দর্যকে বিশ্ববাসীকে জানানোর মাধ্যমে বৈদেশিক বিনিয়োগকে আকৃষ্ট করার জন্য 'জেলা ব্র্যান্ডিং' অনন্য ও দুরদৃষ্টি সম্পন্ন একটি উদ্যোগ ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অর্থনৈতিক ও সামাজিক সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি সাধনের মাধ্যমে এগিয়ে চলেছে অমিত সম্ভাবনার দেশ-বাংলাদেশ। বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে 'ডিজিটাল বাংলাদেশ' তথা মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে বদ্ধপরিকর। এই রূপকল্প সমূহ অর্জনে সরকার ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। উক্ত কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশের প্রত্যেকটি জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনা সমূহকে বিকশিত করার মাধ্যমে আর্থ সামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম জেলা-ব্র্যান্ডিংয়ের উদ্যোগ গ্রহণ করেছে।

এ উদ্যোগকে সামনে এগিয়ে নিতে এবং সফল করতে প্রতিটি জেলার জেলা-ব্র্যান্ডিংয়ের সার্বিক কার্যক্রমকে চিত্তাকর্ষক ভাবে উপস্থাপনের একটি অনন্য প্রয়াস হচ্ছে ব্র্যান্ড-বুক। এই ব্র্যান্ড বুক জেলা-ব্র্যান্ডিং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং পরবর্তীতে যাঁরা ব্র্যান্ডিংয়ের সঙ্গে সম্পৃক্ত হবেন তাঁদের জন্য জ্ঞান ভাণ্ডার হিসেবে কাজ করবে। সে লক্ষ্যেই জেলা কমিটিকে এই বই প্রকাশের জন্য অনুরোধ জানানো হয়েছে। বাংলার পাশাপাশি ইংরেজিতে ও বিষয় সমূহ উপস্থাপনের ফলে এই বইটির ব্যবহারের পরিধি নিশ্চিতভাবে বেড়েছে।

আমি আশা করব ভবিষ্যতে এই জেলা ব্র্যান্ডিং বই এর নতুন নতুন সংস্করণ প্রকাশিত হবে এবং ব্র্যান্ডিংকে দেশে-বিদেশে তুলে ধরতে তা কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে। জেলা প্রশাসন শেরপুর, এটুআই এবং বিভিন্ন পর্যায়ে সংশ্লিষ্ট থেকে যাঁরা এই প্রকাশ-নাটি সম্পন্ন করেছেন আমি তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

কবির বিন আনোয়ার
মহাপরিচালক (প্রশাসন)
প্রধানমন্ত্রীর কার্যালয়
ও প্রকল্প পরিচালক, এটুআই



Message

Each and every districts of Bangladesh possess some unique features and potentialities. Some part of this land have elegant natural beauty while the other parts have historical archetypes and antiques. Also most parts of this land have abundancy of agri products with lot of fruits and crops. The folk arts and cultural heritages of this country have significant history and practice as well. All the unique features and characteristics of the very part of the country need to be flourished not only inside the country but also to the rest of the world to let everyone know about the Beautiful Bangladesh and to attract Foreign Direct Investment.

Bangladesh has been pacing forward with significant progress in economic and social indicators led by Honorable Prime Minister Sheikh Hasina, to build 'Sonar Bangla' the dream of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. The present government is committed to build 'Digital Bangladesh' by 2021 and a happy and prosperous country by 2041. To realize these visions, the government has taken up massive programs. As part of these programs to accelerate the momentum of development, the initiative of 'District Branding' has been undertaken by the a2i program of the Prime Minister's Office.

Brand-Book is a unique effort to impressively demonstrate the overall activities of district branding. This book will serve as a knowledge base for planning and implementing district-branding and for those who will be associated with this initiative later. For this reason, the district committee has been requested to publish this document. Bilingual feature of this book has certainly added extra advantage regarding its use. I expect, new editions of this book will be published in future and will play a crucial role in showcasing district branding at home and abroad.

My heartfelt thanks go to District Administration, Sherpur, a2i and all who contributed to this significant publication.

Kabir Bin Anwar
Director General (Administration)
Prime Minister's Office
And Project Director, a2i.



বিভাগীয় কমিশনারের বাণী

স্বাধীনতার সুমহান মর্যাদা সমুন্নত রেখে বিশ্বের বুকে বাংলাদেশকে একটি স্বনির্ভর রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত করার কাজ অপ্রতিরোধ্য গতিতে এগিয়ে চলেছে। ২০২১ সালে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালে উন্নত দেশে পরিণত হওয়ার লক্ষ্যে মাননীয় প্রধান-মন্ত্রীর সানুগ্রহ নির্দেশনায় দেশের প্রতিটি জেলাকে আর্থ-সামাজিকভাবে স্বনির্ভর করার প্রয়াস চলছে। এরই ধারাবাহিকতায় দেশ জুড়ে পরিচালিত হচ্ছে জেলা ব্র্যান্ডিং এর কার্যক্রম।

ঋতু বৈচিত্রের আঁধার এবং পাহাড় ও সমতলের অর্পূব মিলন ভূমি এ শেরপুর জেলা ব্র্যান্ডিং হিসেবে বেছে নিয়েছে পর্যটনকে। ইতিহাস, ঐতিহ্য আর সংস্কৃতিতে সমৃদ্ধ ময়মনসিংহ বিভাগের প্রাকৃতিক সৌন্দর্যের অন্যতম নিদর্শন এ শেরপুর জেলা। নয়নাভিরাম গারো পাহাড়, বৃক্ষের সারি, মধুটিলা ইকোপার্ক, বারদুয়ারী মসজিদ, সুতানাল দীঘি, পানিহাতা, সর্বোপরি বাংলাদেশের পর্যটন কেন্দ্র সমূহের মধ্যে স্বতন্ত্র অবস্থান তৈরি করা গজনী অবকাশ কেন্দ্র জেলা ব্র্যান্ডিং হিসেবে পর্যটনকে দিয়েছে যথার্থতা। ব্র্যান্ডিংয়ের লোগোতে পর্যটনএর সাথে স্থান করে নেয়া তুলসীমালা চালেরও অনন্যতা আমরা বুঝতে পারি এর থেকে তৈরি বিভিন্ন খাদ্যেও অতুলনীয় স্বাদে। আর এভাবে "পর্যটনের আনন্দে তুলশীমালার সুগন্ধে" স্লোগানকে প্রতিপাদ্য করে শেরপুর জেলা ব্র্যান্ডিংএর জন্য পর্যটনকে বেছে নেয়া হয়েছে। একটি জেলাকে তার অনন্য পণ্য দিয়ে মানুষের সামনে পরিচিত করে প্রত্যেকটি অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়ন ও সাংস্কৃতিক বৈশিষ্ট্যেও অস্তিত্ব রক্ষার যে মহান ব্রত নিয়ে সূচনা হয়েছিল জেলা ব্র্যান্ডিং আন্দোলন, সে আন্দোলনে শেরপুর ইতোমধ্যে অনন্য সফলতা অর্জন করেছে বলে আমি বিশ্বাস করি।

শেরপুরের এ অগ্রগামিতায় প্রায় চোদ্দ লক্ষ শেরপুরবাসীর সঙ্গে আমিও আনন্দিত। আন্তর্জাতিক পর্যটন কেন্দ্রের সকল বৈশিষ্ট্যে সম্বৃদ্ধ হলে শেরপুর জেলার উন্নয়নের সামষ্টিকচিত্র বাংলাদেশের সুখ-সমৃদ্ধিও অ্যালবামে জায়গা করে নিবে, সে প্রত্যাশা করছি। শেরপুরের জেলা প্রশাসন ও এ জেলার সর্ব স্তরের মানুষের প্রতি আমার আন্তরিক সহযোগিতা অব্যাহত থাকবে। আমি শেরপুর জেলার উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

জি.এম.সালেহ উদ্দিন
বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ



Messages of Divisional Commissioner

The task of establishing Bangladesh as a self-reliant country in the world by keeping up the real spirit of independence is going on at an overwhelming pace. In order to achieve the status of a middle-income country by 2021 and the status of a developed country by 2041, efforts are being taken as per kind direction of Honorable Prime Minister to transform every district into a self-reliant socio-economic unit. The District Branding program is going on throughout the country in continuation to that.

Sherpur has chosen Tourism as district branding for its excellent seasonal variation as well as natural beauty. Sherpur is known with its enriched traditions, culture and historic events. The exactness of Tourism as Sherpur's district branding can be explained by the eye soothing beauties of Garo hill, Rows of Trees, Madhutila Eco Park, Baroduyari Masjid, SutanalDighi, Panihata, and off course the Gajani Abokash Kendro. Another item from the branding slogan and logo of SherpurTulsimala Rice is famous for its incomparable taste through variety of food items. Thus the slogan becomes "Hill...Horizon...Hospitality @ Sherpur". Sherpur has already proven its remarkable success in the revolution of district branding, a humble movement started with a great vow to develop the socio-economic condition of a region by familiarizing people with its geographical status as well as cultural uniqueness and finally to preserve cultural characteristics from extinction.

I, together with 1.4 million people, am really proud of the progress of Sherpur. Hopefully Sherpur will achieve all the necessary features of an international tourist spot and by doing so will secure its developed picture in the album of prosperity of Bangladesh.

My cooperation to the district administration and the general mass will be continuing. I wish every success of Sherpur district administration as well as the people of Sherpur.

(G. M. Saleh Uddin)
Divisional Commissioner
Mymensingh Division, Mymensingh



মুখবন্ধ

মাননীয় প্রধানমন্ত্রীর সুদৃঢ় নেতৃত্বে ক্রমাগতভাবে অর্থনৈতিক ও সামাজিক সূচকে উন্নয়ন সাধনের মাধ্যমে সদর্পে এগিয়ে যাচ্ছে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ। আগামী ২০২১ সালে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ, ২০৩০ সালে টেকসই উন্নয়নের দেশ এবং ২০৪১ সালে উন্নত দেশের মর্যাদায় প্রতিষ্ঠিত করার রূপকল্প নিয়ে আমরা অগ্রসর হচ্ছি।সোনার বাংলা বিনির্মাণের এই অভিযাত্রায়,শেরপুর জেলা তার ভৌগোলিক সীমার সকল সম্ভাবনাকে কাজে লাগিয়ে পর্যটন শিল্পের বিকাশ ও কর্মক্ষম মানুষকে আত্মনির্ভরশীল করে সামগ্রিকভাবে দেশের উন্নয়নে অবদান রাখতে চায়।

বাংলাদেশের উত্তর সীমান্তে মেঘালয়ের তুষার-শুভ্র মেঘপুঞ্জ ও নীল গারো পাহাড়ের স্বপ্নপটে মানস সরোবর থেকে হিমালয় ছুঁয়ে নেমে আসা ব্রহ্মপুত্র এবং ভোগাই, কংশ, সোমেশ্বরীর মতো অসংখ্য জলস্রোতের হরিৎ উপত্যকায় গড়ে ওঠা প্রাচীন জনপদ শেরপুর। প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি গারো পাহাড়, শত শত পাহাড়ি বৃক্ষ, শাল গজারির প্রচ্ছন্ন ছায়ায় দাঁড়িয়ে থাকা নয়নাভিরাম বনাঞ্চল এ জেলাকে অন্যান্য জেলা থেকে স্বাত্যন্ত্র দিয়েছে। ভ্রমণপিপাসু পর্যটকদের মনের জানালায় কড়া নাড়তে আছে গজনী অবকাশ, মধুটিলা ইকোপার্ক, রাজার পাহাড়, নয়াবাড়ির টিলা, সুতানাল দীঘিসহ নানা দর্শনীয় স্থান। শেরপুরের ঐতিহ্যবাহী তুলসীমালা চালের পিঠা-পায়েস, খই-মুড়ি, ভাতের সুগন্ধ ও স্বাদ অসাধারণ। একটি জেলাকে তার বৈশিষ্ট্য অনুযায়ী বিভিন্ন বিষয়ের মাধ্যমে ব্রান্ডিং করা যেতে পারে। "পর্যটনের আনন্দে, তুলসীমালার সুগন্ধে"-শ্লোগানকে সামনে রেখে শেরপুর জেলার ব্রান্ডিংয়ের কাজ এগিয়ে চলছে দুর্বার গতিতে।

ইতিহাস-ঐতিহ্যে গৌরবান্বিত শেরপুরকে দেশবাসী তথা বিশ্ববাসীর কাছে সুপরিচিত করাই এ প্রকাশনার মূল উদ্দেশ্য। এই মহতি কর্মযজ্ঞে যাঁরা উদারচিত্তে সহযোগিতা করেছেন, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পরিশ্রম করেছেন তাঁদের সবার প্রতি অকুণ্ঠ কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। ব্রান্ডবুক প্রকাশনাকে ত্রুটিমুক্ত রাখতে আমাদের চেষ্টার কোনো কমতি ছিল না। তা সত্ত্বেও অবাঞ্ছিত ত্রুটি-বিচ্যুতি থাকা অস্বাভাবিক নয়। আমাদের এ অনিচ্ছাকৃত ত্রুটির জন্য আগাম দায়মুক্তি কামনা করছি। এই প্রকাশনা জেলার সর্বাত্মক উন্নয়ন সাধনে এবং পর্যটন শিল্পের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা রাখছি।

'সেবায় গড়ি প্রশাসন'-এ আমাদের অঙ্গীকার। এ অঙ্গীকার বাস্তবায়নের মাধ্যমে একদিন আমাদের শেরপুর হবে অনন্য শেরপুর।

ড. মল্লিক আনোয়ার হোসেন
জেলা প্রশাসক, শেরপুর



Preface

Sonar Bangladesh is going forward through continuous development in economic and social indicators by the strong leadership of the Honorable Prime Minister. We are going advance with the vision to establish Bangladesh as a middle income country in the year 2021, a country of sustainable development in 2030and developed country in 2041. Sherpur District wants to contribute to the country's overall development through promoting the tourism industry, Empowering people are self-reliantand by utilizing all the possibilities of the geographical boundaries.

Sherpur, the ancient township formed in the green valleys of numerous rivers like Brahmaputra, Nitai, Kangsha, Vogai, Someshwari, which has touched the Himalayas from Manas Sarobar in the dream of Meghalaya snow-white clouds and blue garo hills on the northern border of Bangladesh. The natural beauty of Garo Hills, hundreds of mountainous trees, the scenic forests standing in the shadow of the ShalGhazari has distinguished this district from other districts. A lot of sightseeing with Ghajini Obokash Kendra, Madhutila Echopark, Rajar Pahar, Nayabari Tila and Sutanal Dighi are attracting the travellers. Pitha, Payesh, khoi-muri and rice of traditional Tulshimala of Sherpur are rich in flavor and taste. A district can be branded according to its different characteristics. "Porjotoneranonde, Tulshimalar sugondhe" – keeping this slogan in front, the work of branding of Sherpur district is going on in a fast pace.

The main objective of this publication is to make the glorious Sherpur well known to the people of the world. We are grateful and thankful to those who contributed generously to this noble work, directly or indirectly. For making this brand book attractive we give our utmost effort. Any mistake request to take easily. We take any suggestion for future edition. Hope this publication will play an important role in the overall development of the district and the development of tourism industry.

'Building Administration through service'-is our commitment. By implementing this pledge one day our Sherpur will be unique Sherpur.

DR. Mallick Anwar Hossain
Deputy Commissioner, Sherpur

সূচী

১. শেরপুর জেলার সংক্ষিপ্ত পরিচিতি -১৬
২. শেরপুরের ইতিহাস -১৭
৩. লোগো ও ট্যাগলাইন এর বর্ণনা -১৯
৪. সচিত্র বর্ণনা (শেরপুরের ঐতিহ্য ও দর্শনীয় স্থান) -২০
- গজনী অবকাশ কেন্দ্র -২১
- মধুটিলা ইকোপার্ক -৩০
- রাজার পাহাড় ও বাবেলাকোনা -৩৪
- পানিহাটা লেক ও তারানি পাহাড় -৩৭
- শেরপুরের অর্কিড পর্যটন কেন্দ্র -৪১
- কর্ণঝোড়া -৪৫
- নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী -৪৮
- সীমান্ত সড়ক -৫৫
- নান্দনিক শেরপুর - প্রকৃতি ও গ্রামীণ জীবন -৫৮
- ফুল, পাখি আর বুনো প্রকৃতি শেরপুরকে করেছে অনন্য... -৭২
- জেলা প্রশাসকের বাসভবন: ডিসি বাংলো -৮৫
- তুলশীমালা চাল -৮৭
- শেরপুরের জেলা ব্র্যান্ডিং কার্যক্রম -৮৯
- স্বাধীনতা সংগ্রাম, আন্দোলনে শেরপুর -৯১
- পৌণে তিন আনী জমিদার বাড়ী, শতবর্ষী শিমুল বৃক্ষ ও নাকুগাঁও স্থলবন্দর -৯৫
- সাম্প্রদায়িক সম্প্রীতির জেলা শেরপুর (মসজিদ, মন্দির, মিশন/চার্চ) -৯৮
- শেরপুরের মুখরোচক খাবার -১০৭
৫. সংক্ষিপ্ত কর্মপরিকল্পনা -১১১
৬. জেলা ব্র্যান্ডি বিষয়ক সভা, সেমিনার ও কর্মশলা -১১৩
৭. ইনফোগ্রাফ -১১৬
৮. যেভাবে যাবেন শেরপুর -১১৭
৯. হোটেল মোটেল -১১৮
১০.পরিবর্তনের গল্প -১২৮

সূচী

1. A Brief Introduction to Sherpur District -16
2. History of Sherpur -17
3. Tagline and Description of Logo -19
4. Spectacular Description (Traditions and Sightseeing of Sherpur) -20
- Gajni Obakash -21
- Madhutila Ecopark -30
- Panihata Lake and Tarani Hills -34
- Rajar Pahar and Babelakona -37
- Orchid Tourism Centre -41
- Karnajhora -45
- Ethnic People -48
- Boarder Road -55
- Beautiful Sherpur - Nature and Rural Life -58
- The flowers, Birds and Wild Nature have made Sherpur Unique... -72
- Deputy Commissioner's Residence : DC Bungalow -85
- Tulsimala Rice -87
- Sherpur District Branding Activities -89
- Sherpur in Independence Struggle and Movement -91
- Poune Tin Ani Landlord House,Centennial Shimul Tree -Nakla and Nakugaon Landport -95
- Sherpur District of Riligious Harmony (Mosque, Temple and Church) -98
- Sherpur's Appetizing Meal -107

5. Action Plan in a Brief -111
6. District Branding Related Meetings, Seminars and Workshops -113
7. Tourism Related Infograph -116
8. The Way to Sherpur -117
9. Housing and Residential Hotels -118
10. The Story of Change -128

শেরপুর জেলার সংক্ষিপ্ত পরিচিতি

শেরপুর জেলা (ময়মনসিংহ বিভাগ)আয়তন: ১৩৫৯.৮৭ বর্গ কি.মি.। অবস্থান: ২৪০১৮´ থেকে ২৫০১৮´ উত্তর অক্ষাংশ এবং ৮৯০৫৩´ থেকে ৯০০৯১´ পূর্ব দ্রাঘিমাংশ। সীমানাঃ উত্তরে ভারতের মেঘালয় রাজ্য, দক্ষিণে ময়মনসিংহ ও জামালপুর জেলা,পূর্বে ময়মনসিংহ জেলা,পশ্চিমে জামালপুর জেলা। জলাশয় ও প্রধান নদ-নদীর মধ্যে রয়েছে: পুরাতন ব্রহ্মপুত্র, সোমেশ্বরী, চিলাখালী, ভোগাই, কংশ, দিগানা, কাটাখালী খাল উলেখযোগ্য। ১৮৬৯ সালে শেরপুর পৌরসভা গঠিত হয়। ১৯৮৪ সালে শেরপুর মহকুমাকে জেলায় রূপান্তর করা হয়। জেলার পাঁচটি উপজেলার মধ্যে শেরপুর সদর উপজেলা সর্ববৃহৎ (৩৫৬.০১ বর্গ কি.মি.) এবং সবচেয়ে ছোট উপজেলা নকলা (১৭৪.৮০ বর্গ কি.মি.)। অধিবাসীদের মধ্যে মুসলমান এবং হিন্দুই প্রধান। এছাড়া পাহাড়ী জনপদে আদিবাসী,গারো এবং খ্রিস্টানও রয়েছে।



A brief introduction to Sherpur district

Sherpur District (Mymensingh division) area 1359.87 sq km, located in between 24°18' and 25°18' north latitudes and in between 89°53' and 90°91' east longitudes. It is bounded by Meghalaya state of India on the north, mymensingh and jamalpur districts on the south, Mymensingh district on the east, Jamalpur district on the west. Water bodies & Main rivers are: Old Brahmaputra, Someshwari, Chilakhali, Bhogai, kangsa, Digana; Katakhali Canal is notable. Sherpur Municipality was formed in 1869. Sherpur Sub-division was turned into a district in 1984. Among the five upazilas of the district, sherpur sadar is the largest (356.12 sq km) and Nakhla is the smallest (174.80 sq km). Muslims and Hindus are the major population among the residents. Besides this, there are some indigenous people like, Garo and Christian are resident in the hill town Sherpur.

শেরপুরের ইতিহাস

প্রকৃতির অপরূপ লীলাভূমি সীমান্তকন্যা গারো পাহাড়ের সুষমামন্ডিত শেরপুর একটি অতি প্রাচীন জনপদ। দেশের ছোট্ট সুন্দর প্রান্তিক জেলা শেরপুর। অতি প্রাচীনকালে শেরপুর কামরূপ রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। মোগল সম্রাট আকবরের শাসনামলে বিশাল চওড়া ও খরস্রোতা ব্রহ্মপুত্র পার হয়ে শেরপুর পৌঁছতে সময়লাগত এক প্রহর বা তিন ঘন্টারও বেশী। এই পারের পারানি ছিল দশকাহন কড়ি বা সুলতানী দশ টাকা। তাই এ অঞ্চলকে তখন বলা হতো 'দশকাহনিয়া বাজু' (বিভাগ)। সপ্তদশ শতাব্দীর প্রথম ভাগে ভাওয়ালের গাজীগণ ঈশা খাঁর বংশধরদের কাছ থেকে দশকাহনিয়া পরগণা দখল করে নেয়। গাজী বংশের শেষ জমিদার শের আলী গাজীর নামানুসারে দশকাহনিয়ার নামকরণ করা হয়- শেরপুর। ১২৫৮ খ্রিস্টাব্দ থেকে ইক্তার উদ্দিন উজবেগ তুগ্রলখা, ১৪৯১ খ্রিস্টাব্দ থেকে দ্বিতীয়ফিরোজ শাহ, ১৪৯৮ খ্রিস্টাব্দ থেকে হুসেন শাহ, পরবর্তীতে পাঠান সম্রাট শেরশাহ, মোগল সম্রাট বাবর, হুমায়ুন, আকবর- এমনি আরও অনেক রাজা-বাদশাহগণ এ অঞ্চল শাসন করতেন।

Sherpur Sadar Upazila Map



History of Sherpur

Sherpur is a very ancient hometown of Garo hills, and it is the beautiful dalliance land border daughter of nature. Sherpur, is the smallest marginal district of the country. In the ancient times, Sherpur was included at the the kingdom of Kamarupa. During the Mughal emperor Akbar's regime, a huge expanse and extra rush in the time of reaching Sherpur by crossing the Brahmaputra takes more than three hours. This side ferriage was equivalent to ten shell-money or sultani ten money. So that this area was called 'Dekahinya Baju' (Division). In the first half of the seventeenth century, Ghawl of Bhawal occupied ten deccan parganas from the descendants of Isha Khan's clan. Deccan was named after the last landlord named Sher Ali Gazi - Sherpur. From 1258, Iqtar Uddhin Tujrakkha, the second Firoz Shah from 1491, Hussein Shah from 1498 AD, later Shayan Emperor Sher Shah, Mughal emperor Babur, Humayun, Akbar, and many more kings ruled like this region.

UPAZILA NAKLA



UPAZILA NALITABARI



UPAZILA JHENAIGATI



UPAZILA SREEBORDI



HILL HORIZON HOSPITALITY
Tourism@Sherpur

ট্যাগলাইন

ট্যাগলাইনঃ “পর্যটনের আনন্দে তুলশিমালার সুগন্ধে”

Tagline:

Tagline: Hill, Horizon, Hospitality Tourism at Sherpur

লোগোর বর্ণনা

লোগোটির “S” পাহাড়ে কোল ঘেষে একেবেকে চলা সড়ক ও Sherpur এর ইংরেজি প্রথম বর্ণ “S” এর প্রতীক। পেছনের ছোট দুটি পাহাড় শেরপুরের সীমান্তবর্তী ছোট্ট ছোট্ট গাড়ো পাহাড় ও টিলার প্রতীক এবং গারো পাহাড়ে কোলে সূর্য আর পাহাড়ের সামনে শালবৃক্ষ শেরপুরের অপুরূপ প্রকৃতির পরিচায়ক।

Description of Logo

The "S" of the logo symbolizes the one through roads of the hilly mountains & the first English letter of Sherpur. wo small hills behind theshorea robusta (Shal) tree are the symbols of hill of the border of Sherpur and the rising sun in front of the hills is the symbol of soothing nature of the Sherpur district.



HILL.HORIZON.HOSPITALITY

Tourism@Sherpur

সচিত্র বর্ণনা
শেরপুরের ঐতিহ্য ও দর্শনীয় স্থান



Spectacular Description
Tradition and Sightseeing of Sherpur

গজনী অবকাশ কেন্দ্র

শেরপুর সদর থেকে ৩০ কিলোমিটার দূরে ঝিনাইগাতী উপজেলার সীমান্তবর্তী গারো পাহাড়ের পাশে সবুজ পাহাড়, টলটলে হ্রদের মাঝে গজনী আবকাশ কেন্দ্রের অবস্থান। ১৯৯৩ সালে শেরপুরের তৎকালীন জেলা প্রশাসকের উদ্যোগে আকর্ষণীয় এ পর্যটনকেন্দ্রটি গড়ে উঠেছে। গজনী এলাকাটি ব্রিটিশ আমল থেকেই পিকনিক স্পট হিসেবে পরিচিত। মনোরম পাহাড়ি শোভামণ্ডিত আনুমানিক ২০০ ফুট উঁচু পাহাড়ের টিলায় নির্মাণ করা হয়েছে তিনতলা অবকাশভবন। গারো পাহাড়ের পাদদেশে স্বচ্ছ পানির হ্রদ ও দিগন্তছোঁয়া সবুজ বনানীই এই এলাকার বৈশিষ্ট্য। ১৯৭১ সালের মহান স্বাধীনতাযুদ্ধের সময় মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ এলাকা হিসেবেও এর ঐতিহাসিক গুরুত্ব রয়েছে। ১৯৭১ সালের মহান স্বাধীনতাযুদ্ধের স্মৃতি হিসেবে গজনী অবকাশকেন্দ্রে নির্মিত হয়েছে 'স্বাধীনতাযুদ্ধের স্মৃতিস্তম্ভ'।



গজনী অবকাশ কেন্দ্র

